51

দৈনিক ইত্তেফাক

তারিখ 06 JUN 1998
পৃষ্ঠা ১ কলাম ৭

## আজ ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই-এর কনভেনশন

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই কনভেনশন অনুষ্ঠিত হইবে। সকাল ১০টায় টিএসসিতে কনভেনশনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসাবে

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## কনভেনশন

(প্রথম পৃঃ পর)

উপস্থিত থাকিবেন। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বজ্যেষ্ঠ ছাত্র (শিক্ষা বর্ষ ১৯২৩-২৭) অধ্যাপক সিরাজুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ, কে, আজাদ চৌধুরী, এলামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদ, মহাসচিব দীন মোহাম্মদ খান, কনভেনশন প্রস্তুতি কমিটির আহ্বায়ক আবুল মাল আব্দুল মুহিত বক্তৃতা করিবেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর দুপুর সাড়ে ১২টা হইতে শুরু হইবে স্মৃতিচারণ সভা। বিকাল সাড়ে ৫টা পর্যন্ত স্মৃতিচারণ সভা চলিবে। সন্ধ্যা ৭টায় সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হইবে। দেশের বিশিষ্ট শিল্পীবৃন্দ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নিবেন। দিনব্যাপী এই অনুষ্ঠানকে আনন্দমুখর করিয়া তোলার সকল প্রস্তুতি সম্পন্ন করা হইয়াছে। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভিসিবৃন্দকে আমন্ত্রণ জানানো হইয়াছে।